নাজাত ইসলামী মারকাজ



মাওলানা শেখ ছালেহ আহমদ হামিদী

প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল

মাজদিহি, নারাইনছড়া
৫ নং কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
01772782323

004407957382021
saleh-hamidi@hotmail.com

najatislamicmarkaz@gmail.com

নাজাত ইসলামী মারকাজ
[মাল্টিপারপাস সেন্টার]

নাজাত হিফজুল কুরআন মাদরাসা
নাজাত মডেল স্কুল
নাজাত ভোকেশনাল ইন্সটিটিউট

নাজাত ইসলামী মারকাজ একটি শিক্ষা ও সেবামূলক প্রতিষ্ঠান। তরুণ আলেম শেখ ছালেহ আহমদ হামিদীর একক উদ্যোগ ও পরিকল্পনায় ২০০৮ সালে মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার ৫নং কালাপুর ইউনিয়নে নাজাত ইসলামী মারকাজের কার্যক্রম শুরু হয়।

লক্ষ্য ও উদ্দেশ্য: প্রধানত; তিনটি উদ্দেশ্য সামনে রেখে নাজাত তার কার্যক্রম পরিচালনা শুরু করেছে। যথা:- শিক্ষা, সেবা, গবেষণা।

শিক্ষা: (ক) শিক্ষাই জাতির মেরুদন্ড। শিক্ষা ছাড়া একটা জাতি কখনও অগ্রসর হতে পারে না।

কুরআন সুন্নাহর আলোকে যুগোপযোগী ও উৎপাদনমুখী ইসলামী শিক্ষার ভিত্তি রচনা করে বাংলাদেশ সরকারের শিক্ষা পরিকল্পনাকে সামনে রেখে শিশুকে জীবনের শুরুতেই ইসলামী শিক্ষার আলোকে লালিত-পালিত হওয়ার সুযোগ সৃষ্টি করে দেয়া, যাতে করে তারা আদর্শবান সু-নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে।

(খ) আধুনিক শিক্ষাব্যবস্থা : তরুণ শিক্ষার্থীদের জন্য একটি সুন্দর সুদূর প্রসারী আধুনিক শিক্ষা ব্যবস্থা চালু করা, কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, ইলেক-ট্রিসিটি প্রশিক্ষণ, ইংলিশ স্পিকিং, আরবি স্পিকিং কোর্স ইত্যাদি যাতে তারা জীবন সংগ্রামে অন্যের মুখাপেক্ষী না হয়ে নিজের পায়ে দাঁড়াতে পারে।

(গ) দৃষ্টি প্রতিবন্ধিদের শিক্ষা: দৃষ্টি প্রতিবন্ধিদের জন্য ব্রেইল পদ্ধতিতে শিক্ষা প্রদান এবং তাদের অন্ন, বস্ত্র, চিকিৎসা সেবা প্রদান করা।

(ঘ) এতিমদের লালন পালন: আমাদের সমাজে এতিমরা বড়ই অসহায়। নাজাত ইসলামী মারকাজে এসব এতিমদের ফ্রি থাকা খাওয়া ব্যবস্থা করে তাদের জন্য পড়া লেখার সুন্দর ব্যবস্থা করে দেয়া।

সেবাঃ (ক) অতি দরিদ্র লোকদের চিকিৎসা সহায়তা করা। বিনামূল্যে চোখের ছানি অপারেশনসহ আইক্যাম্প, জন্মগত ঠোঁটকাটা অপারেশন, জেনারেল মেডিকেল ক্যাম্প স্থাপন করে মানুষের সেবা প্রদান করা।

(খ) এম্বুলেন্স সার্ভিসঃ মূমুর্ষ রোগী ও সাধারণ রোগীকে হাসপাতালে আনা নেয়ার জন্য এম্বুলেন্স সার্ভিস এর ব্যবস্থা করা। বে-ওয়ারিশ লাশসহ সাধারণ মৃত ব্যক্তির দাফন-কাফনের ব্যবস্থা করা। একটা ফিনারেল সার্ভিস চালু করা।

(গ) গৃহহীন মানুষের ঘর নির্মাণ ডিজেবলদের মাঝে হুইল চেয়ার বিতরণ, মহিলাদের কর্মসংস্থানের জন্য সেলাই মেশিন বিতরণ, যারা কাজ করতে পারে এমন যুবকদের কাজের ব্যবস্থা করে দেয়া। রিক্সা, ঠেলাগাড়ী ইত্যাদির মাধ্যমে তাদের স্বাবলম্বী করে গড়ে তোলা।

(ঘ) পরিচ্ছন্ন পানির জন্য টিউবওয়েল বিতরণ যাতে স্বাস্থ্যসম্মত পানি মানুষ পান করতে পারে। স্বাস্থ্য ও স্যানিটেশন বিষয়ে সচেতনতা সৃষ্টি করা।

গবেষণাঃ দেশ জাতীর কল্যাণে জীবন ঘনিষ্ট বিষয়ে গবেষণা কার্যক্রম চালু করা। তারই লক্ষ্যে পাঠাগার, প্রকাশনা, প্রচারণা এবং প্রবন্ধ তৈরী করা ও বই পুস্তক ছাপিয়ে বিতরণ করা।

নাজাত হিফজুল কুরআন মাদরাসা
সিলেবাস

:: নাযেরা বিভাগ :: হিফজ বিভাগ :: অন্ধ/ব্রেইল বিভাগ

নাযেরা বিভাগ

ক. এ বিভাগে সর্বনিম্ন ৮ থেকে ১০ বৎসরের ছাত্র ভর্তি করা হয়।
খ. এ বিভাগের মেয়াদ সর্বোচ্চ ১ বৎসর। এক বৎসর পূর্ণ নাযেরা শেষ করার পর নাযেরাতে পরীক্ষা দিয়ে হিফজ বিভাগে ভর্তি হতে পারবে। যারা হিফজের জন্য উপযুক্ত নয় তাদেরকে কিতাব বিভাগে ভর্তির জন্য পরামর্শ দেয়া হয়।
গ. নাযেরা বিভাগে একজন ছাত্রকে যা পড়ানো হয়:- নাযেরা কুরআন শরীফ পুরো খতম। ২০টি হাদিস অর্থসহ মুখস্ত। মাসনুন দোয়া ও নামাযের মাসায়েল। তাজবীদ শিক্ষা, আদব আখলাক, ইসলামী সাহিত্য ও ইতিহাস। (অর্থাৎ নবী রাসুল ও সাহাবাদের) জীবনাদর্শ।
প্রতিটি ছাত্রের জন্য স্কুল বাধ্যতামূলক। তার বয়স ও অভিজ্ঞতা অনুযায়ী যে ক্লাসের জন্য উপযুক্ত তাকে সেই ক্লাসে ভর্তি করা হবে।

হিফজ বিভাগ

ক. হিফজ বিভাগের একজন ছাত্রের সর্বোচ্চ মেয়াদ ৪ বৎসর। এটা মূলতঃ বৎসরভিত্তিক নয় বরং ছাত্রের মেধার উপর নির্ভরশীল। সাধারণত ৩ বৎসরে একজন ছাত্র হিফজ করতে পারে। আর ১ বৎসর দাওরা শোনা। যদি কোন ছাত্র ৪ বৎসরে সমাপ্ত করতে না পারে তাহলে হিফজ বিভাগের প্রধান হাফিজ সাহেব পরামর্শ ভিত্তিক সময় আরো বাড়াতে পারবেন।
খ. হিফজ বিভাগে ভর্তির সর্বনিম্ন বয়স ১১ বৎসর।
গ. ভর্তির যোগ্যতা, সম্পূর্ণ কুরআন শরীফ শুদ্ধভাবে তাজবীদ সহকারে পড়তে সক্ষম হতে হবে।
ঘ. ১ম বর্ষ:- হিফজ প্রথম ১০ পারা। অর্থ সহ হাদিস মুখস্ত ৪০ টি। মাসনুন দোয়া ৬০ টি।
২য় বর্ষ:- হিফজ ২য় দশ পারা। হাদিস মুখস্ত ৪০ টি। মাসনুন দোয়া ৬০ টি।
৩য় বর্ষ:- হিফজ শেষ ১০ পারা। হাদিস অর্থসহ ৪০টি ও নামাজের মাসআলা।
৪র্থ বর্ষ:- তাকমীল সমস্ত কুরআন শরীফ যা হিফজ করা হয়েছে তা শোনানো । তাজবীদসহ করে সুন্দর লেহেনে মুখস্ত শুনানো।
ঙ. হিফজ বিভাগের প্রতিটি ছাত্রের জন্য স্কুল বাধ্যতামূলক। যোগ্যতা ও বয়সের উপর নির্ভর করে যে ক্লাসের জন্য উপযুক্ত হবে সেই ক্লাসে ভর্তি করা হবে।
যদি কোন ছাত্র হিফজ তাকমীলে ভর্তি হয় অথবা তার বয়স বেশি হয় সে কারণে তাকে স্কুলে ভর্তি করা যাবেনা তার জন্য স্কুল বাধ্যতামূলক নয়। কতৃপক্ষ এ ব্যাপারে ফয়সালা করবে।
বিশেষ দ্রষ্টব্য : প্রত্যেক ছাত্র কম্পিউটার প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে।

হিফজ বিভাগের বৈশিষ্ট সমূহ

- সবুজ-শ্যামল, নিরিবিলি পরিবেশ এবং খোলা মাঠসহ বিশাল ক্যাম্পাস।
- তিলাওয়াত বিশুদ্ধ ও শ্রুতিমধুর করার জন্য প্রশিক্ষণ প্রাপ্ত সুদক্ষ শিক্ষক দ্বারা মশক করানোর ব্যবস্থা।
- হুফফাজের প্রশিক্ষণপ্রাপ্ত অভিজ্ঞ হাফিজ সাহেব দ্বারা পরিচালিত।
- ডিজিটাল সাউন্ড সিস্টেমের মাধ্যমে মশক করানোর সু-ব্যবস্থা।
- ৩ বৎসরে হিফজুল কুরআন সমাপ্ত করার চেষ্টা।
- উন্নত চরিত্র গঠনে ২৪ ঘন্টা রুটিনের মাধ্যমে পড়াশোনার ব্যবস্থা।

অন্ধ বিভাগ

ক. অন্ধ ছাত্রদের জন্য ফ্রি থাকা খাওয়ার উন্নতমানের সু-ব্যবস্থা।
খ. অন্ধ হাফিজ সাহেব দ্বারা পরিচালিত। আধুনিক ব্রেইল পদ্ধতিতে পাঠ দান। অন্ধ ছাত্রদের নিত্য প্রয়োজনীয় সামগ্রী সহ বাড়িতে আসা যাওয়ার ভাড়া সম্পূর্ণ ফ্রি।
গ. ভর্তির বয়স সর্বনিম্ন ১০ বৎসর।

সিলেবাস: ১ম বর্ষ ব্রেইল কায়দা।
২য় বর্ষ ব্রেইল আমপারা
অত:পর ব্রেইল হিফজুল কুরআন। এদের কোন সময় সীমা নেই।
পাশাপাশি বাংলা, ইংলিশ, অক্ষর জ্ঞান ও ব্রেইল পদ্ধতি লিখনী শিক্ষা দেয়া হয়।
তাদের জন্য স্কুল বাধ্যতামূলক নয়।

অন্ধ বিভাগের বৈশিষ্ট

- অন্ধ ছাত্রদের জন্য ফ্রি থাকা-খাওয়ার উন্নতমানের সু-ব্যবস্থা।
- অন্ধ হাফিজ সাহেব দ্বারা পরিচালিত
- আধুনিক ব্রেইল পদ্ধতিতে পাঠদান।
- অন্ধ ছাত্রদের নিত্য প্রয়োজনীয় সামগ্রীসহ বাড়িতে আসা যাওয়ার ভাড়া সম্পুর্ণ ফ্রি।

"আদর্শ মানুষ গড়ার এক নতুন দিগন্ত"

নাজাত মডেল স্কুল
NAJAT MODEL SCHOOL

(A Project of Najat Islami Markaz)

EMIS CODE : 606040307

আমাদের বৈশিষ্ট্যসমূহ

- চমৎকার লোকেশন, উন্নত পরিবেশ ও সুসজ্জিত ক্যাম্পাস।
- উচ্চ শিক্ষিত, নিবেদিতপ্রাণ, বিষয়ভিত্তিক অভিজ্ঞ শিক্ষকমন্ডলির মাধ্যমে পাঠদান।
- সৃজনশীল পদ্ধতির উপর বিশেষ গুরুত্ব সহকারে পাঠদান।
- নিয়মিত ডায়েরী পর্যবেক্ষণ, বছরে সাময়িক পরিক্ষাসহ ক্লাস টেস্ট ও স্পেশাল মডেল টেস্ট।
- অত্যাধুনিক কম্পিউটার ল্যাব, পাঠাগার ও বিজ্ঞানাগার। অনুপস্থিত শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে তাৎক্ষণিক যোগাযোগ ও কার্যকর পদক্ষেপ গ্রহণ।
- প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের তত্ত্বাবধানে নিয়মিত এসেম্বলী ও শরীরচর্চা।
- হোস্টেল সুপার এবং সুযোগ্য শিক্ষকমন্ডলীর সার্বক্ষণিক তত্ত্বাবধানে শিক্ষা ও আবাসিক কার্যক্রম পরিচালনা।
- দুর্বল অমনোযোগী শিক্ষার্থীদের নিবিড় পাঠদানের মাধ্যমে শিক্ষা প্রদান।
- ভীতি ও অনিহা দূর করে পাঠদানে মনোযোগী করা।
- সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা।

আমাদের অনুষ্ঠানসমূহ

- ওরিয়েন্টশন প্রোগ্রাম।
- জাতীয় দিবস সমূহ উদযাপন।
- বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।
- বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান।
- হাতের লেখা প্রতিযোগিতা।
- শিক্ষা সফর।
- বক্তৃতা, বিতর্ক, ক্বেরাত, আজান হামদ-নাত, সংগীত ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।
- অভিভাবক সমাবেশ।
- দেয়ালিকা প্রকাশ।
- বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান।
- সেমিনার ও সিম্পোজিয়াম।
- মোটিভিশনাল প্রোগ্রাম।
- বিষয় ভিত্তিক আলোচনা।



সম্পূর্ণ ক্যাম্পাস সিসি ক্যামেরা দ্বারা সার্বক্ষণিক পর্যবেক্ষণের আওতাভুক্ত

প্রতিষ্ঠানটি ব্যতিক্রম কেন?

- স্কুলের সিলেবাসের পাশাপাশি অভিজ্ঞ মুআল্লিমের মাধ্যমে নূরানী পদ্ধতিতে সহিহ কুরআন শিক্ষা ও ইসলামের মৌলিক ইবাদাত বিষয়ের শিক্ষাদান।
- প্রাথমিক সমাপনি পরীক্ষা দিয়ে ৩ বছরের মধ্যে হিফজুল কুরআন সমাপ্ত করে জেএসসি/জেডিসি/সরফ পরীক্ষায় অংশগ্রহণ।
- কম্পিউটার প্রশিক্ষণ ও ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাবে অংশগ্রহণ বাধ্যতামুলক।
- মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং-এ ক্যারিয়ার গড়ার লক্ষ্যে গণিত ও বিজ্ঞান বিষয়ে বিশেষ তত্ত্বাবধান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কারিগরী শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত

নাজাত ভোকেশনাল ইন্সটিটিউট

প্রতিষ্ঠান কোড: 62059

:: কম্পিউটার প্রশিক্ষণ :: সেলাই প্রশিক্ষণ
:: ইংলিশ/আরবী স্পোকেন কোর্স
:: ইলেকট্রিক কোর্স :: ড্রাইভিং কোর্স

বৈশিষ্ট সমূহ

- প্রতিটি কোর্সের মেয়াদ ৩/৬ মাস।
- কম্পিউটার প্রশিক্ষণ ও সেলাই প্রশিক্ষণের অপুর্ব সুযোগ।
- বাংলাদেশ কারিগরী শিক্ষাবোর্ড কর্তৃক প্রেরিত সিলেবাস অনুযায়ী ক্লাস নেয়া হয়।
- আনলিমিটেড ইন্টারনেটসহ প্রত্যেক ছাত্র-ছাত্রীর জন্য রয়েছে পৃথক পৃথক কম্পিউটার।
- পুরুষ ও মহিলাদের রয়েছে আলাদা আলাদা ব্যাচের সুবিধা।
- একসাথে ৫০টি কম্পিউটারে ৫০জন শিক্ষার্থীর ক্লাস করার সুযোগ।
- ছাত্র-ছাত্রীদের জন্য সুবিশাল পাবলিক লাইব্রেরীর সুবিধা।
- প্রতিমাসে নির্ধারিত ফি ও ভর্তি ফি দিতে হবে।

স্পোকেন ইংলিশ

IELTS | Spoken | Reading | Writing



নাজাত পাবলিক লাইব্রেরী এন্ড কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র

নাজাত ইসলামী মারকাজ-এর

বিভিন্ন বিভাগের স্থিরচিত্র



নাজাত ইসলামী মারকাজের হিফজুল কুরআন মাদরাসার ক্লাস



হিফজুল কুরআন বিভাগের ছাত্রদের মোটিভেশন দিচ্ছেন শিক্ষক



নাজাত মডেল স্কুলের ছাত্রবৃন্দ



নাজাত মডেল স্কুলের শিক্ষার্থীদের পি.টি



নাজাত ভোকেশনাল ইন্সটিটিউটের কম্পিউটার ক্লাস



নাজাত ভোকেশনাল ইন্সটিটিউটের সেলাই প্রশিক্ষণ ক্লাস

নাজাত ইসলামী মারকাজ-এর
বিভিন্ন কার্যক্রমের ছবির অ্যালবাম



নাজাত ইসলামী মারকাজের মাঠে বয়ান পেশ করছেন **শায়খ আলী উমর ইয়াকুব আল আব্বাসী**



২০০৮ সালে নাজাত ইসলামী মারকাজ পরিদর্শন করেন
ইউরোপীয় ইউনিয়ন মেম্বার অফ পার্লামেন্টর **মি. রবার্ট ইভাল্ড।**



নাজাত ইসলামী মারকাজের আমন্ত্রনে আগত ফিলিস্তিন বায়তুল মুকাদ্দাস
(মসজিদে আক্বসা)-এর ইমাম **শায়খ আলী উমর ইয়াকুব আল আব্বাসীকে**
সংবর্ধণা জানাচ্ছেন **সালমান এফ রাহমান** এমপি।



নাজাত ইসলামী মারকাজের সম্মেলনে বয়ান পেশ করছেন
প্রিন্সিপাল মাওলানা হাবিবুর রহমান রাহ.।



ব্রিটিশ শেডো মিনিস্টার এবং ইজলিংটন কাউন্সিলর মেয়র নাজাত ইসলামী মারকাজ-এর কার্যক্রম
পরিদর্শনকালে ফুলের তোড়া দিয়ে স্বাগতম জানাচ্ছেন উপদেষ্টা জাকির আহমদ হামিদী।



নাজাত ইসলামী মারকাজের কার্যক্রমে অংশগ্রহণ করেন
মাহমুদুস সামাদ চৌধুরী কয়েস এমপি।



নাজাত ইসলামী মারকাজের কনফারেন্স হলে বক্তব্য রাখছেন
সাবেক চীফ হুইপ উপাধক্ষ্য আলহাজ্ব ড. আব্দুশ শহিদ এমপি।



নাজাত ইসলামী মারকাজ-এর কার্যক্রমে অংশগ্রহণ করেন
সৈয়দা সায়রা মহসিন এমপি



নাজাত ইসলামী মারকাজ-এর কার্যক্রমে অংশগ্রহণ করেন
সিলেট এস.এম.পির উপ-পুলিশ কমিশনার জনাব ফয়ছল মাহমুদ



নাজাত ইসলামী মারকাজ-এর কার্যক্রম পরিদর্শন করেন
ব্রিগেডিয়ার জেনারেল আব্দুস সবুর মিয়া



নাজাত ইসলামী মারকাজ-এর কনফারেন্স হলে বক্তব্য রাখছেন
শ্রীমঙ্গল পৌরসভার মেয়র মহসিন মিয়া মধু।



নাজাত ইসলামী মারকাজের কনফারেন্স হলে বক্তব্য রাখছেন মৌলভীবাজার
পৌরসভার মেয়র ফজলুর রহমান।



নাজাত ইসলামী মারকাজে উলামা কনফারেন্সে বক্তব্য প্রদান করছেন হাটহাজারী মাদরাসার শায়খুল হাদীস আল্লামা শেখ আহমদ সাহেব



নাজাত ইসলামী মারকাজ-এর কনফারেন্স হলে সেমিনার পরবর্তী দুয়া পরিচালনা করছেন মাওলানা শায়খ আব্দুল বারী ধর্মপুরী



নাজাত ইসলামী মারকাজের কনফারেন্স হলে বক্তব্য রাখছেন শ্রীমঙ্গল থানার অফিসার ইনচার্জ কে. এম. নজরুল ইসলাম।



নাজাত ইসলামী মারকাজের পাবলিক লাইব্রেরী পরির্শনে
শায়খুল হাদীস ইবনে শায়খুল হাদীস মাওলানা মাহফুজুল হক



নাজাত ইসলামী মারকাজ পরিদর্শন করছেন
প্রিন্সিপাল মাওলানা সৈয়দ কামাল উদ্দীন জাফরী



নাজাত ইসলামী মারকাজে হুইল চেয়ার বিতরণ করছেন
নাজাতের প্রধান উপদেষ্টা মাওলানা সাঈদুর রহমান হামিদী



নাজাত ইসলামী মারকাজের কনফারেন্সে বক্তব্য দিচ্ছেন
শ্রীমঙ্গল উপজেলা চেয়ারম্যান রণধীর কুমার দেব।



ব্লাড ক্যান্সারে আক্রান্ত স্কুল পড়ুয়া দুই সহোদর বোনকে নগদ পাঁচ লক্ষ টাকার
চেক হস্তান্তর করা হয় নাজাত ইসলামী মারকাজ-এর ব্যবস্থাপনায়।



নাজাত ইসলামী মারকাজের ব্যবস্থাপনায় সেলাই মেশিন বিতরণ করেন
সাবেক এমপি খালেদা রাব্বানী ও মৌলভীবাজার উপজেলা চেয়ারম্যান ভিপি মিজানুর রহমান মিজান।



নাজাত ইসলামী মারকাজের ২৪ ঘন্টা এম্বুলেন্স সার্ভিস



নাজাত ইসলামী মারকাজের পক্ষ থেকে রিক্সা বিতরণ করছেন
ফাউন্ডার প্রিন্সিপাল মাওলানা শেখ ছালেহ আহমদ হামিদী



নাজাত ইসলামী মারকাজ-এর সেলাই প্রশিক্ষণের একাংশ



নাজাত ইসলামী মারকাজের প্রতিষ্ঠাতা ও প্রিন্সিপাল

মাওলানা শেখ ছালেহ আহমদ হামিদীর সংক্ষিপ্ত পরিচিতি

বিশিষ্ট লেখক, কলামিস্ট ও মিডিয়া ব্যক্তিত্ব মাওলানা শেখ ছালেহ আহমদ হামিদী মৌলভীবাজার জেলার হামিদনগর বরুনা গ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মাওলানা তাজুল ইসলাম হামিদী (রাহ.) এবং মাতা দেওয়ান খায়রুন নেছা চৌধুরী। তিনি প্রাথমিক শিক্ষা বরুণা মাদরাসায় সমাপ্ত করার পর দীর্ঘ দিন সিলেট জামেয়া মাদানিয়া কাজির বাজার মাদরাসায় পড়ালেখা করে ১৯৯৪ সালে টাইটেল পাশ করেন। কওমী মাদরাসা শিক্ষার পাশাপাশি বরইকান্দি সিনিয়র ইসলামিয়া মাদরাসা থেকে 'দাখিল' সিলেট সরকারি আলিয়া মাদরাসা থেকে 'আলিম', 'ফাজিল' ও 'কামিল' কৃতিত্বের সাথে পাশ করেন। এদিকে ১৯৯৬ সালে মদন মোহন বিশ্ববিদ্যালয় কলেজ থেকে বি.এ পাশ করেন। ১৯৯৮ সালে এম.এ এবং সিলেট ল' কলেজ থেকে এল.এল.বি পরীক্ষা দিয়ে ২০০০ সালে লন্ডন চলে যান। উলেখ্য যে তিনি টাইটেল পাশ করার পর লন্ডন যাওয়ার পূর্ব পর্যন্ত সিলেটের স্বনামধন্য দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান কাজিরবাজার জামেয়া মাদানিয়া ইসলামিয়া মাদরাসায় শিক্ষকতা করেন।

যুক্তরাজ্যের লেস্টারশায়ার Markfield Institution থেকে ২০০৭ সালে Muslim Chaplancy Course Complete করে মুসলিম চ্যাপলেন ডিগ্রী লাভ করেন।

তিনি মুসলিম ম্যারেজ ও ইউকে সিভিল ম্যারেজ রেজিষ্ট্রার। লন্ডন মেট্রোপলিটন ইউনিভার্সিটি থেকে এল.এল.বি (অনার্স) পাশ করেন। তারপর তিনি University Of Westminster এ আইন বিষয়ে লেখাপড়া করেন। বর্তমানে তিনি মুসলিম ফ্যামিলী ল'এর উপর PHD কোর্সের জন্য পড়াশোনা চালিয়ে যাচ্ছেন। তাছাড়া তিনি পূর্ব লন্ডনে হামিদী রাইয়াদ সলিসিটরস এর মাধ্যমে আইন পেশায় নিয়োজিত আছেন।

তিনি ইতিপূর্বে বেশ কয়েকটি বই লিখেছেন তন্মধ্যে- (১) 'সালাম মোসাফাহা' (২) 'সুন্দর জীবনের পূর্ব শর্ত' (৩) 'দোয়া করবো কেন' (৪) Learn to read Quran (৫) 'মুরতাদ বিরোধী আন্দোলন কেন?' (৬) Basic Arabic Language Book. (৭) Basic Knowledge of Islam (৭) সুন্দর হাসি ও ইসলাম ইত্যাদি উলেখযোগ্য।

দেশের অসহায় মানুষের সেবায় তিনি নিবেদিত। ২০০৭ সালে গরীব মানুষের সেবার লক্ষ্যে নিজ উদ্যোগে প্রতিষ্ঠা করেন 'গরীব এন্ড ইয়াতিম ট্রাস্ট ফান্ড ইউকে'। এছাড়া নাজাত ইসলামী মারকাজ-এর প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল। তিনি ইউরোপের বিভিন্ন টিভি চ্যানেলে ইসলামিক ভাষ্যকার ও সামাজিক প্রোগ্রামের জনপ্রিয় প্রেজেন্টার। এটিএন বাংলা ইউকে এবং ইক্বরা বাংলায় নিয়মিত তাফসিরুল কোরআন এবং বোখারীর দারস পেশ করেন।

নাজাত ইসলামী মারকাজ

[মানবতার কল্যাণে নিবেদিত একটি বহুমূখী সেবামুলক শিক্ষা প্রতিষ্ঠান]

নাজাত হিফজুল কুরআন মাদরাসা
নাজাত মডেল স্কুল
নাজাত ভোকেশনাল ইন্সটিটিউট

সেবা সমূহ

- বয়স্কদের সেবা ও দ্বীনি তালিম।
- দিবা-রাত্রি নাজাত এ্যম্বুলেন্স সার্ভিস।
- অন্ধ ছেলেদের ফ্রি থাকা খাওয়া ও ব্রেইল পদ্ধতিতে হিফজ ক্লাস।
- নুরানী পদ্ধতিতে তাজবিদ সহকারে হিফজুল কোরআন ক্লাস।
- প্রতি বছর ঠান্ডার সময় গরীব মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ।
- অসহায় বয়স্ক মানুষের ঘর নির্মাণ।
- পঙ্গু মানুষের জন্য হুইল চেয়ার বিতরণ।
- গরীব মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ।
- ধর্ম বর্ণ নির্বিশেষে সমাজের সকল স্তরের অসহায় পরিবারকে আর্থিক সাহায্য প্রদান।
- গরীব মানুষের উপার্জনের জন্য রিক্সা বিতরণ।
- এ মহতি কাযক্রম পরিচালনায়, প্রয়োজন আপনাদের সার্বিক সহযোগিতা ও দোয়া।

এই মহতি কাজ পরিচালনায় আপনার আন্তরিক সহযোগিতা প্রয়োজন

কোরআন কিতাব :	১,০০০/- (এক হাজার টাকা)
এক বস্তা ডাল :	১,৫০০/- (এক হাজার পাচঁশত টাকা)
একবস্তা চাল :	২,০০০/- (দুই হাজার টাকা মাত্র)
একটা সেলাই মেশিন :	৭,০০০/- (সাত হাজার টাকা)
একটা হুইল চেয়ার :	৭,৫০০/- (সাত হাজার পাচঁশত টাকা)
একটা খাশি :	১০,০০০/- (দশ হাজার টাকা)
নাজাত ইসলামী মারকাজ এর একদিনের খরচ :	১২,০০০/- (বারো হাজার টাকা)
একটা রিক্সা :	২০,০০০/- (বিশ হাজার টাকা)
একটা টিউবওয়েল :	২৫,০০০/- (পচিশ হাজার টাকা)
একজন গরীব ছাত্রের এক বৎসরের পূর্ণ খরচ :	৩৬,০০০/- (ছত্রিশ হাজার টাকা)
একটা গরু ছাদাকা :	৪০,০০০/- (চল্লিশ হাজার টাকা)
একজন গরীবের ঘর নির্মাণ :	১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা)

ব্যাংক একাউন্ট

Al-Arafah Islami Bank Ltd
Account Name: Najat islami markaz, Account No: 0271020011151
Moulvibazar Branch, Moulvibazar-3200, Sylhet, Bangladesh

Najat islami markaz, One of the project of Goreeb & Yateem Trust Fund

Bangladesh Registration 1650 | UK Registration 1122271

www.goreebfund.com